BURNPUR RIVERSIDE SCHOOL
BURNPUR-713325
ANNUAL EXAMINATION -2020-21
SUBJECT -BENGALI
CLASS-VII

TIME – 3 Hrs FM - 80

নিম্নলিখিত অনুচ্ছেদগুলি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও ।

১) ১৯০৬ সালে আইকম্যান ঘোষণা করলেন--চালের খোসার ভিতরে যে ভিটামিন আছে তার নাম থিয়ামিন হাইড্রোক্লোরাইড । থিয়ামিন শরীরের প্রত্যেকটি স্নায়ুতন্ত্রকে সতেজ রাখে এবং বলিষ্ঠ করে তোলে । এর অভাবে স্নায়ু অবশ হয়ে পক্ষাঘাত হয় । ফলে ছাটা চাল খেলেই এই রোগের প্রাদুর্ভাব ঘটে, কিন্তু ঢেঁকি ছাটা চাল খেলে তা ঘটে না ।১৯১২ খ্রীষ্টাব্দে এই রোগের নামকরণ হল। ফাঙ্ক এই রোগের নাম দিলেন বেরিবেরি ।

সাধারণ প্রশ্ন :- 1x5=5

ক। চালের খোসার ভিতরে যে ভিটামিন আছে তার নাম কী ?
খ।কী খেলে বেরিবেরি রোগ হয় ?
গ। কীসের অভাবে স্নায়ু অবশ হয়ে পড়ে ?
ঘ। বেরিবেরি রোগের নামকরণ কে করেন ?
ঙ।বিপরীত - সতেজ

২) তখন মিথিলার রাজা ছিলেন 'গুণাধিপ' । রাজস্থান থেকে এক বলিষ্ঠ যুবক এলো মিথিলায় । যুবকেরনাম চিরঞ্জীব । চিরঞ্জীব মিথিলায় এসে রাজা গুণাধিপের সঙ্গে দেখা করতে রাজপ্রাসাদে গেল । উদ্দেশ্য-- রাজার অধীনে একটা চাকরি পাওয়া । এখানকার মতো তখনকার দিনেও বেকার সমস্যা ছিল । নইলে রাজস্থানের লোক মিথিলায় আসে চাকরি করতে । সে যাই হোক , চিরঞ্জীব গিয়ে রাজার সাক্ষাৎ প্রার্থনা করলো ।একদিন নয় পরপর চারদিন ।কিন্তু,রাজার দর্শন মিলল না । কারণ রাজা তখন প্রাসাদের অন্তঃপুরে আমোদ আহ্লাদে দিন কাটাচ্ছিলেন ।রাজকর্মের কিছুই দেখছিলেন না ।

সাধারণ প্রশ্ন :- 1x5=5

ক।চিরঞ্জীবের রাজার সাথে দেখা করার উদ্দেশ্য কী ছিল ?
খ।চিরঞ্জীব কোথাকার লোক ছিলেন ?
গ।রাজার সাথে সাক্ষাৎ না হওয়ার কারণ কী ?
ঘ।মিথিলার রাজা কে ছিলেন ?
ঙ।'সাক্ষাৎ'কথাটির অর্থ কী ?

৩) খ্রীষ্টপূর্ব ৩৩২সালে মহাবীর আলেকজান্ডার আলেকজান্দ্রিয়া শহর প্রতিষ্ঠা করেন ।তাঁর মৃত্যুর পর এই স্থানটিতে একটি শিক্ষাকেন্দ্র গড়ে উঠল । শিক্ষকদের মধ্যে এলেন সুপ্রসিদ্ধ জ্যামিতি বিশারদ ইউক্লিড । অনতিকাল পরে এখানে যোগ দিলেন সিরাকুজবাসী আর্কিমিডিস ।আলেকজান্দ্রিয়ায় থাকার সময় আর্কিমিডিস নানারকম বৈজ্ঞানিক আবিষ্কারে রত ছিলেন । চাষের ক্ষেতে জল সেচনের জন্য তিনি এক নূতন উপায় উল্লেখ করেন । স্ক্রু আকারের একটি ফাঁপা নলের নীচের প্রান্ত জলে ডোবানো । স্ক্রু টা ঘোরাতে থাকলে জল নীচ থেকে উপরে উঠবে ।

সাধারণ প্রশ্ন :- 1x5=5

ক।কে আলেকজান্দ্রিয়া শহর প্রতিষ্ঠা করেন ?
খ।ইউক্লিড কে ছিলেন ?
গ।আলেকজান্দ্রিয়ায় ইউক্লিডের বৈজ্ঞানিক কর্মে কে যোগ দিলেন ?
ঘ।চাষের ক্ষেতে জল সেচনের কি উপায় বের হল ?
ঙ।পদ পরিবর্তন কর : আবিষ্কার

৪)**নিম্নলিখিত বিষয়টি অবলম্বন করে অনধিক ১৫০ শব্দের মধ্যে অনুচ্ছেদ রচনা কর।** 1x5=5

'বিজ্ঞানের অবদান'

৫) **পত্ররচনা (যে কোন একটি)** 1x5=5

ক) পুজোর ছুটিতে তুমি দিঘায় বেড়াতে গিয়েছিলে । ওখানে বেড়ানোর বর্ণনা দিয়ে বন্ধুকে একটি পত্র লেখ ।

অথবা

খ)'অনলাইন শিক্ষা'- বিষয়টি নিয়ে দিদিকে একটি পত্র লেখ ।

৬) **নিম্নলিখিত শব্দগুলির অর্থ পার্থক্য দেখাও (যে কোন পাঁচটি)** 1x5=5

ক) আদান / আধান
খ) কটি / কোটি
গ) সর্গ / স্বর্গ
ঘ) আকাল / অকাল
ঙ)প্রকার / প্রাকার
চ) উদর / উদার

৭) **এককথায় প্রকাশ কর :-(যে কোন পাঁচটি)** 1x5=5

ক) সুমিত্রার পুত্র ।
খ) যা সহজে হজম হয় না ।
গ) উত্তর -পূর্ব কোণ ।
ঘ) যা বিনামূল্যে দেওয়া হয় ।
ঙ) বহুর মধ্যে একটি ।
চ) নতুন কচি পাতা ।

৮) **বিপরীত শব্দ (যেকোন পাঁচটি)** 1x5=5

ক) ভয় খ) বলবান গ) বিরহ ঘ) জোড়
ঙ) স্মরণ চ) গ্রহণ

৯) **কারক ও বিভক্তি নির্ণয় কর ।(যেকোন পাঁচটি)** 1x5=5

ক) কোদালের সাহায্যে মাটি কোপাও ।
খ) বন্যার্তদের ত্রাণ দেবার ব্যবস্থা কর ।

গ) **অধর্ম থেকে** দূরে থাকো ।
ঘ) **হিমালয়ে** বরফ আছে ।
ঙ) **গঙ্গাতে** ইলিশ মাছ আছে ।
চ) **অনিল** তার ভাইকে বাংলা পড়ায় ।

১০) **সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ :-(যে কোন পাঁচটি)** 1x5=5

ক) মন যেন ------------ এর মতো সাদা ।
অ) গঙ্গাজল আ)সমুদ্রের ই)পদ্মা

খ) হল্যান্ডের ছোট্ট শহরটির নাম ছিল -
অ) ডেলফেট্ আ)হেলফেট্ ই)ভেলভেট্

গ) টাউন হলের চৌকিদরের নাম ছিল -
অ)লেউবেন হুক আ)ইভান্স হুক ই) মরিসন হুক

ঘ) তোতাটি রসে ছিল -
অ) হোমার আ)জয়দেব ই)কালিদাস

ঙ) রাজশেখর বসু ছদ্মনাম কী ?
অ)নীললোহিত আ)বনফুল ই)পরশুরাম

চ) রাজাবাহাদুর কোন অসুখে ভুগছিলেন ?
অ)ডিসপেপসিয়া আ)পেটের অসুখ ই) যক্ষায়

১১) **যেকোন একটি প্রশ্নের উত্তর দাও ।** 5

ক) 'স্থির করলেন এ মূর্খামি দু-বার করবেন না'--কার লেখা ,কোন রচনার অংশ ? কে, কী স্থির করলেন ?

অথবা

খ) 'দুটি ভিত্তি স্তম্ভের উপর আমাদের আধুনিক সভ্যতার ইমারত গড়ে উঠেছে'-ইমারত শব্দের অর্থ কী ?দুটি ভিত্তিস্তম্ভ বলতে কী কী বোঝানো হয়েছে ? কিভাবে আধুনিক সভ্যতার ইমারত তাদের ওপর ভিত্তি করে গড়ে উঠেছে ?

১২) **যেকোন একটি প্রশ্নের উত্তর দাও ।** 2+3=5

ক) আচ্ছা, তোমার কায়দাটা কী রকম শুনি'-- বক্তা কে ? কাকে ,কোন কায়দার কথা বলা হয়েছে ? কায়দাটা আসলে কী ?

অথবা

খ)'জগতে শুরু হলো বিজ্ঞান সাধনার এই নব অধ্যায়'--কার লেখা কোন রচনার অংশ ? কে কিভাবে বিজ্ঞান সাধনার নব যুগের সূচনা করেন ?

১৩) **যেকোন একটি প্রশ্নের উত্তর দাও ।** 5

ক) 'জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে'--কবি কে ?মূল গ্রন্থের নাম কী ? 'ভ্রান্তির ছলনে' কথাটির দ্বারা কবি কী বোঝাতে চেয়েছেন ?

অথবা

খ) 'জীবন মৃত্যু পায়ের ভৃত্য চিত্তভাবনা হীন'--কার লেখা ,কোন রচনার অংশ ? আলোচ্য অংশটির অর্থ বিশ্লেষণ কর ।

১৪)**উত্তর দাও ।** 2+2+1=5

ক)'স্থির হয়ে বীর মরিল, না করি / একটি কাতর শব্দ'-- কার সম্পর্কে বলা হয়েছে ? তাঁর মৃত্যুর কারণ কী ? কীভাবে তার মৃত্যু হয় ?

অথবা

খ) এ প্রবাসে মজি প্রেমভাবে , লইছে যে তব নাম বঙ্গের সঙ্গীতে'-- বক্তা কে ?বক্তা প্রবাসে কেন গিয়েছিলেন ?কবির স্মৃতিপটে কার নাম কেন আসছে বার বার ?

১৫) **সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ।(যেকোন পাঁচটি)** 1x5=5

ক) রামগিদ্ধড় বাবু পেশায় কী ছিলেন ?
অ) কেরানী আ)কন্ট্রাক্টার ই) ব্যবসায়ী

খ)রামগিদ্ধড় চৌধুরী খাস কোন জিলার রাজপুত ?
অ) ব্যবসায়ী আ)বালিয়া ই)আজমীর

গ) থালার ওপর ক'টা চাপাটি বেমালুম ভ্যানিশ হয়ে গিয়েছিল ?
অ)চার আ)ছয় ই) আটখানা

ঘ) উর্মি এ বছর কোন পরীক্ষা দেবে ?
অ)স্কুল ফাইনাল আ)হায়ার সেকেন্ডারী ই) বি এ

ঙ)মতি বেচারীর কোথায় ব্যথা হয়েছে ?
অ)পেটে আ) বুকে ই) হাঁটুতে

চ)ঝক্সুর বাড়ী বিহারের কোন জেলায় ?
অ)মজঃফরপুর আ)ভাগলপুর ই)পূর্ণিয়া

১৬) **প্রশ্নের উত্তর দাও । (যে কোন পাঁচটি)** 1x5=5

ক)উর্মির কী স্বভাব নয় ?
খ)রামগিদ্ধড় বাবুকে কে জাপটে ধরেছিল ?
গ)দূর দেশ থেকে ঝক্সু কেন কোলকাতা শহরে এসেছিল ?
ঘ)'---ভাবখানা এইরকম ।'কার ভাবখানা কিরকম ছিল ?
ঙ)ট্যাক্সি ধরতে গিয়ে উর্মির কী অবস্থা হয়েছিল ?
চ)হনুমানরা এদিক ওদিক পালিয়ে গেল কেন ?